



লিটারে ২০ টাকা বাড়ল ডিজেলসহ সব জ্বালানি তেলের দাম



ছবি: সংগৃহীত

সোমবার (২১ সেপ্টেম্বর) থেকে দেশে বাড়তি দামে বিক্রি হবে ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেন। চার ধরনের জ্বালানির প্রতিটির দাম লিটারে ২০ টাকা করে বাড়ানো হয়েছে। নতুন দামে ডিজেল ১৩৫ টাকা, কেরোসিন ১৫৫ টাকা, পেট্রোল ১৬০ টাকা এবং অকটেন ১৬৫ টাকা লিটারে কিনতে হবে।

রোববার (২০ সেপ্টেম্বর) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে জারি করা প্রজ্ঞাপনে এ দাম নির্ধারণের কথা জানানো হয়।

নতুন দাম কার্যকর হওয়ার আগে ডিজেলের লিটার ছিল ১১৫ টাকা। একইভাবে কেরোসিন ১৩৫, পেট্রোল ১৪০ এবং অকটেন ১৪৫ টাকায় বিক্রি হচ্ছিল।

দাম সমন্বয়ের পেছনে আন্তর্জাতিক বাজার পরিস্থিতিতে কারণ হিসেবে দেখিয়েছে সরকার। প্রজ্ঞাপনে বলা হয়েছে, মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধের প্রভাবে মার্চ থেকে জ্বালানি তেলের আন্তর্জাতিক মূল্য এবং পরিবহন বাবদ ফ্রেইট চার্জ উল্লেখযোগ্যভাবে বেড়েছে। বিশ্ববাজারে দাম দ্বিগুণের বেশি বাড়লেও দেশের বাজারে জনস্বার্থ বিবেচনায় সেই অনুপাতে দাম সমন্বয় করা হয়নি।

এর প্রভাব পড়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসির) আর্থিক হিসাবে। মার্চ থেকে আগস্ট পর্যন্ত সংস্থাটির লোকসান হয়েছে প্রায় ২২ হাজার ৮৭৫ কোটি ৬৬ লাখ টাকা।

বিপিসির লোকসানের বড় অংশ আসছে ডিজেল থেকে। প্রজ্ঞাপনের হিসাবে, বর্তমান আন্তর্জাতিক বাজারদর অনুযায়ী প্রতি লিটার ডিজেলে সংস্থাটির ঘাটতি প্রায় ৮৯ টাকা। সব মিলিয়ে প্রতিদিন ডিজেল বিক্রিতে প্রায় ১০৯ কোটি টাকা লোকসান হচ্ছে। একই পরিস্থিতি অব্যাহত থাকলে শুধু ডিজেলেই বছরে প্রায় ৪০ হাজার কোটি টাকা লোকসানের আশঙ্কা রয়েছে।

এই পরিস্থিতিতে দাম বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। লিটারপ্রতি ২০ টাকা বাড়ানোর ফলে বছরে বিপিসির লোকসান প্রায় ১০ হাজার কোটি টাকা কমতে পারে বলে সেখানে বলা হয়েছে।